
দৈনিক বাংলা

তারিখ ২১।৮।৮১





প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান সোমবার বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে বিজ্ঞান শিক্ষা সংক্রান্ত ওয়ার্কশপে উদ্বোধনী ভাষণ দেন

# শিক্ষাকে কর্মসংস্থান ও বাস্তবমুখী করা হবে ঃ শাহ আজিজ

আধুনিক যুগের চাহিদা পূরণে শিক্ষা ব্যবস্থা গতিশীল ও প্রায়োগিক হতে হবে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল একথা বলেন।

বৃটিশ কাউন্সিলের সাথে সহযোগিতায় বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইন্সটিটিউট আয়োজিত বিজ্ঞান শিক্ষার শিক্ষক শিক্ষার্থীদের ২ সপ্তাহের জাতীয় ওয়ার্কসপে প্রধান অতিথি হিসাবে তাঁর উদ্বোধনী ভাষণে প্রধানমন্ত্রী একথা বলেন। ঢাকায় বাংলাদেশ শিক্ষা সম্প্রসারণ ও গবেষণা ইন্সটিটিউট মিলনায়তনে এ ওয়ার্কসপ অনুষ্ঠিত হচ্ছে।

শাহ আজিজ বলেন শিক্ষাকে বাস্তব ও কর্মসংস্থানমুখী করতে বর্তমান সরকার কঠোরভাবে দৃঢ়প্রতিজ্ঞ। প্রধানমন্ত্রী বলেন দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় প্রাথমিক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং এ খাতে উল্লেখযোগ্য বাজেটও বরাদ্দ করা হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন ১৯৮৫ সাল নাগাদ জাতিকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করতে সরকার দৃঢ়সংকল্প। তাই এ পর্যন্ত ২৭ লাখ লোককে কাজ চালানোর মত শিক্ষা প্রদান করা হয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেন, 'বাংলাদেশে প্রতিটি গ্রামেই একটা করে প্রাথমিক বিদ্যালয় থাকবে। কারণ, প্রাথমিক শিক্ষা হলো সাংবিধানিক দায়িত্ব।'

তিনি বলেন, চলতি বছরে অভাবী ছাত্রদের মধ্যে বিনামূল্যে পুস্তক ও পোশাক বিতরণে সরকার উদ্যোগ নেয় দারিদ্রের তাড়নায় প্রাথমিক পর্যায়েই লেখা-পড়ার পাঠ চুকিয়ে ফেলা ঠেকানোর জন্যই এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

শাহ আজিজ বলেন, বাস্তবমুখী শিক্ষা অবশ্যই প্রাথমিক বিদ্যালয়ে প্রদান করতে হবে। তিনি বলেন, বিজ্ঞান শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণই

## শাহ আজিজ

(প্রথম পৃঃ পর)

হলো বিজ্ঞান শিক্ষাকে কার্যকর করে তোলার পূর্বশর্ত। তিনি ওয়ার্কসপে অংশগ্রহণকারীদের তাঁদের অর্জিত জ্ঞানকে তাঁদের ছাত্রদের কল্যাণে কাজে লাগানোর আহ্বান জানান।

প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন যে এ ওয়ার্কসপ দেশে বিজ্ঞান শিক্ষার মান উন্নয়নে বিশেষ সহায়ক হবে। তিনি এ ওয়ার্কসপ চালু করতে সক্রীয় সহযোগিতার জন্য বিটিশ কাউন্সিলকেও ধন্যবাদ জানান।

ডঃ হাফেজ আহমদ ডিপিআই এতে সভাপতিত্ব করেন এবং উদ্বোধনী অধিবেশনে ভাষণ দেন বিইইআরআই-এর ডিরেক্টর ডঃ ওবায়দুল্লা ও শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান শিক্ষা বিষয়ক উপদেষ্টা মিঃ জে ই রিভিজ এবং শিক্ষা সচিব কাজী ফজলুর রহমানও এতে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।